# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২২১

১/ বিবিধ

---

আরবী

الحج قبل التزوج

موضوع

أورده السيوطي في " الجامع الصغير " من رواية الديلمي في " مسند الفردوس " عن أبي هريرة، وتعقبه المناوي بقوله: وفيه غياث بن إبراهيم، قال الذهبي تركوه، وميسرة بن عبد ربه قال الذهبي: كذاب مشهور
قلت: والأول أيضا كذاب معروف، قال ابن معين: كذاب خبيث، وقال أبو داود كذاب، وقال ابن عدي: بين الأمر في الضعف، وأحاديثه كلها شبه الموضوع وهو الذي ذكر أبو خيثمة أنه حدث المهدي بخبر: " لا سبق إلا في نصل أو خف أو حافر " فزاد فيه: " أو جناح " فوصله المهدي، ولما قام قال: أشهد أن قفاك قفا كذاب
فأعجب من السيوطي كيف يورد في " جامعه " أحاديث هؤلاء الكذابين!
والحديث في " الغرائب الملتقطة من مسند الفردوس " (1 / 97) من طريق غياث بن إبراهيم (وما فوقه غير ظاهر في المصورة إلا: ابن ميسرة عن أبيه عن أبي هريرة) ، وميسرة بن عبد ربه دون هذه الطبقة، فليحقق
وقد روى هذا الحديث عن أبي هريرة بلفظ آخر

বাংলা

২২১। হাজ্জ (হজ্জ) হচ্ছে বিবাহের পূর্বের কর্ম।

হাদীসটি জাল।

সুয়ূতী এটিকে "জামেউস সাগীর” গ্রন্থে দাইলামী কর্তৃক “মুসনাদুল ফিরদাউস গ্রন্থের বর্ণনা হতে উল্লেখ করেছেন। মানবী তার সমালোচনা করে বলেছেনঃ এটির সনদের গিয়াস ইবনু ইবরাহীম সম্পর্কে যাহাবী বলেনঃ সকলে তাকে মাতরূক আখ্যা দিয়েছেন (সে গ্রহণযোগ্য নয়)। মায়সারা ইবনু আব্দে রাব্বিহি সম্পর্কে যাহাবী বলেনঃ তিনি প্রসিদ্ধ মিথ্যুক।

আমি (আলবানী) বলছিঃ প্রথম ব্যক্তিও (গিয়াস) পরিচিত মিথ্যুক। ইবনু মাঈন তার সম্পর্কে বলেনঃ তিনি মিথ্যুক, খবীস। আবু দাউদ বলেনঃ তিনি মিথ্যুক। ইবনু আদী বলেনঃ দুর্বল হওয়ার ব্যাপারে তার বিষয়টি স্পষ্ট। তার সব হাদীস মাওযূ’র সাথে সাদৃশ্যপূর্ণ।

আশ্চর্যের ব্যাপার কীভাবে সুয়ূতী তার “জামে” গ্রন্থে সেই সব মিথ্যুকদের হাদীস উল্লেখ করেছেন!

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5481

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন